দৈনিক
ইত্তেফাক

তারিখ ....15 JAN 20 3
পৃষ্ঠা ...৩... কলাম...৪

# ভর্তি যুদ্ধ শেষ ॥ এবার ফলাফলের জন্য অপেক্ষা

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল সোমবার নগরীর সরকারী স্কুলসমূহে ভর্তি যুদ্ধ শেষ হয়েছে। এবার ফলাফলের জন্য অপেক্ষার পালা শুরু। তিন গ্রুপের আওতায় পৃথকভাবে ৩ দিন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হলেও কেন্দ্রীয়ভাবে নির্ধারিত দিনে ফলাফল প্রকাশ করা হবে। কর্তৃপক্ষ গতকাল পর্যন্ত পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ নির্ধারণ করে নাই। তবে একটি সূত্র জানায়, আগামী ৭ দিনের মধ্যে ফলাফল প্রকাশের সম্ভাবনা আছে। নগরীর ২৪টি সরকারী স্কুলে ৯ জানুয়ারী ভর্তি পরীক্ষা শুরু হয়। ৬ হাজার আসনের জন্য প্রায় ৩২ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়।